FY18 বাবামা এবং পরিবারের সম্পৃক্ততা পরিকল্পনা
DeKalb County School District পর্যায়
স্কুল বর্ষ 2017-2018

পর্চযালোচনাশংশোধনের তারিখ: সেপ্টেম্বর 20, 2017

শিক্ষার্থীর একাডেমিক সাফল্য জোরদার করার ক্ষেত্রে সহায়তার জন্য **DeKalb County School District** টাইটল I, পার্ট A তহবিল পেয়ে থাকে এবং তাই অবশ্যই অংশগ্রহণকারী শিশুদের বাবামা ও পরিবারের সদস্যদের সাথে যৌথভাবে একটি লিখিত বাবামা ও পারিবারিক সম্পৃক্ততা নীতি প্রণয়ন, তাতে সম্মতি গ্রহণ এবং তা বিতরণ করা হবে, যাতে প্রতিটি শিক্ষার্থীর সাফল্য আইন (ESSA) এর ধারা 1116 (a) (2) অনুযায়ী প্রয়োজনীয় তথ্য থাকবে। এই নীতি LEA এর প্রত্যাশা এবং অর্থপূর্ণ বাবামা ও পারিবারিক সম্পৃক্ততার উদ্দেশ্য প্রতিষ্ঠা করে এবং কীভাবে LEA বাবামা ও পারিবারিক সম্পৃক্ততার সুনির্দিষ্ট কর্মকাণ্ড বাস্তবায়ন করবে তা বর্ণনা করে, এবং এটা Georgia Department of Education এর কাছে LEA এর দাখিলকৃত পরিকল্পনায় উল্লেখ রয়েছে।

DeKalb County School District ধারা 1116-এ উল্লিখিত নিম্নলিখিত আবশ্যকতার শর্ত বাস্তবায়নে সম্মত:

- স্কুল ডিস্ট্রিক্ট টাইটল I, পার্ট A কর্মসূচির সমস্ত স্কুলে বাবামা এবং পরিবারের সদস্যের সম্পৃক্ততার জন্য কর্মসূচি, কার্যক্রম এবং প্রক্রিয়া পরিচালনা করবে। অংশগ্রহণকারী শিশুদের বাবামা এবং পরিবারের সদস্যদের সাথে অর্থপূর্ণ পরামর্শের মাধ্যমে এই কর্মসূচি, কার্যক্রম এবং প্রক্রিয়া পরিচালিত হবে।

- স্কুল ডিস্ট্রিক্ট তাদের স্কুলগুলির সাথে এমনভাবে কাজ করবে যাতে স্কুল-পর্যায়ের বাবামা এবং পারিবারিক সম্পৃক্ততার নীতি ESSA এর ধারা 1116 (b) এর আবশ্যকতার শর্ত পূরণ করে, এবং ESEA এর ধারা 1116 (d) এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ স্কুল-বাবামা সম্পর্কের উপাদান অন্তর্ভুক্ত করে।

- টাইটল I, পার্ট A এর বাবামা এবং পারিবারিক সম্পৃক্ততার আবশ্যকতার শর্ত যতদূর সম্ভব বাস্তব সম্মত করতে স্কুল ডিস্ট্রিক্ট এবং এর স্কুলগুলো অভিবাসী শিশুদের অর্থনৈতিকভাবে অনগ্রসর বা জাতিগতভাবে সংখ্যালঘু সীমিত ইংরেজি দক্ষতা, সীমিত সাক্ষরতা, প্রতিবন্ধিত্ব সম্পন্ন বাবামাদের অংশগ্রহণের জন্য পূর্ণ সহযোগিতা প্রদান করবে। এই সহযোগিতার মধ্যে থাকবে বোধগম্য ও অভিন্ন ফরম্যাটে ESSA এর ধারা 1111 এর আওতায় প্রয়োজনীয় তথ্য প্রদান। অনুরোধ সাপেক্ষে যুক্তিসঙ্গত পর্যায়ে বিকল্প ফরম্যাটে ও বাবামার ভাষায় তা প্রদান করা হবে।

- ESEA এর ধারা 1112 এর আওতায় প্রণীত LEA এর টাইটল I, পার্ট A পরিকল্পনা, অংশগ্রহণকারী শিশুদের বাবামার কাছে সন্তোষজনক না হলে, স্কুল ডিস্ট্রিক্ট অঙ্গরাজ্যের Department of Education এর কাছে পরিকল্পনা জমা দেয়ার সময় বাবামাদের কোন মন্তব্য থাকলে সেটাসহ জমা দেবে।

- স্কুল ডিস্ট্রিক্ট বাবামাদের সম্পৃক্ততার নিম্নোক্ত সংজ্ঞা দ্বারা পরিচালিত হবে এবং আশা করা হচ্ছে যে, এর টাইটল I স্কুলগুলো ESSA এর ধারা 8101 অনুযায়ী কর্মসূচি, কার্যক্রম এবং প্রক্রিয়া পরিয়ালনা করবে:

বাবামার সম্পৃক্ততা হল শিক্ষার্থীর পাঠ গ্রহণ এবং অন্যান্য স্কুল কার্যক্রমে নিয়মিত, দ্বিমুখি এবং অর্থবহ যোগাযোগের মাধ্যমে নিম্নে বর্ণিত কার্যক্রমে বাবামাদের অংশগ্রহণ নিশ্চিত করা:

(A) বাবামা তাদের সন্তানের শিক্ষা গ্রহণে সহায়তায় একটি অবিচ্ছেদ্য ভূমিকা পালন করবে
(B) বাবামা স্কুলে তাদের সন্তানের শিক্ষা গ্রহণে সক্রিয়ভাবে জড়িত হওয়ায় উৎসাহিত হবেন
(C) বাবামায়েরা তাদের সন্তানের শিক্ষা গ্রহণের ক্ষেত্রে পূর্ণ অংশীদার এবং তাদের সন্তানের শিক্ষায় সহায়তা করার জন্য সিদ্ধান্ত গ্রহণমূলক ও পরামর্শক কমিটিতে উপযুক্ত প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত করা হবে
(D) ESEA এর সেকশন 1116 অনুসারে কার্যক্রমের মত অন্যান্য কার্যক্রম পরিচালনা করা হবে

ডিস্ট্রিক্ট কীভাবে শর্ত প্রয়োগ করবে সে বিবরণ
LEA বাবামার সম্পৃক্ততা নীতির উপাদানসমূহ

DEKALB COUNTY SCHOOL DISTRICT

লক্ষ্য
মান সম্পন্ন শিক্ষা অর্জনে আমাদের শিক্ষার্থী কমিউনিটিকে অনুপ্রাণিত করা।

ব্রত/মিশন
শিক্ষার্থীর সাফল্য নিশ্চিত করে তাকে উচ্চশিক্ষা, কর্মক্ষেত্র এবং জীবনব্যাপী শিক্ষার দিকে পরিচালিত করা।

আদর্শ/নীতি
অনুপ্রেরণা, অর্জন এবং অতিক্রম

লক্ষ্যের ক্ষেত্র I: ন্যায়পরতা (ইক্যুইটি) ও সুযোগ সহযোগে শিক্ষার্থীর সফলতা
শিক্ষার্থীর শিক্ষণ মানের দক্ষতা উন্নয়ন

DeKalb County School District বিকাশমুখি শিক্ষার্থী পর্যায়ে জর্জিয়া মাইলস্টোন লিটারেচার এন্ড অব গ্রেড (EOG) অ্যাসেসমেন্ট-এ শিক্ষার্থীদের স্কোর এর শতাংশ/হার বৃদ্ধি করবে।

DeKalb County School District বিকাশমুখি শিক্ষার্থী পর্যায়ে জর্জিয়া মাইলস্টোন ম্যাথ এন্ড *অব গ্রেড* (EOG) অ্যাসেসমেন্ট-এ শিক্ষার্থীদের স্কোর এর শতাংশ/হার বৃদ্ধি করবে।

যৌথভাবে উন্নয়ন

DeKalb County School District ধারা 1112-এর আওতায় LEA বাবামাদের সম্পৃক্ততা পরিকল্পনার যৌথ উন্নয়ন এবং ESEA এর ধারা 1116 এর আওতায় স্কুল পর্যালোচনা ও উন্নতির প্রক্রিয়া সম্পর্কে বাবামাদেরকে অন্তর্ভুক্ত করতে নিম্নোক্ত পদক্ষেপগুলি গ্রহণ করবে:

যেভাবে ডিস্ট্রিক্টের বাবামাদের সম্পৃক্ততা নীতি, CLIP এবং টাইটল I স্কুল-ওয়াইড / টার্গেটেড সহায়তা পরিকল্পনার উন্নয়ন ও পর্যালোচনাতে জড়িত থাকার ক্ষেত্রে বাবামাকে সুযোগ প্রদান করা হবে:

- টাইটল 1 সংশ্লিষ্টদের (পূর্বে প্রাক-পরিকল্পনা হিসাবে অভিহিত) বৈঠক।
- সমন্বিত চাহিদা মূল্যায়ন (CNA) বৈঠক।
- ওয়েবসাইট এবং বিভিন্ন মাধ্যমে বাবামার সঙ্গে যোগাযোগ।

বিশেষ/কারিগরি সহায়তা

শিক্ষার্থীদের শিক্ষাগত/একাডেমিক সাফল্য এবং স্কুলের দক্ষতা উন্নয়নে কার্যকর বাবামা ও পারিবারিক সম্পৃক্ততা কার্যক্রমের পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়নে সব টাইটল I, পার্ট A স্কুলকে সহায়তা প্রদান এবং সেগুলোর সক্ষমতা বৃদ্ধির জন্য **DeKalb County School District** নিম্নলিখিত সমন্বয় সংক্রান্ত, কারিগরি এবং অন্যান্য সহায়তা প্রদান করবে। এতে নিয়োগকর্তা, ব্যবসায়ের নেতৃবৃন্দ, এবং জনহিতৈষী সংগঠন, বা শিক্ষা ক্ষেত্রে কার্যকরভাবে বাবামা ও পারিবারিক সম্পৃক্ততার বিশেষজ্ঞ ব্যক্তিদের সাথে অর্থপূর্ণ আলোচনা, অন্তর্ভুক্ত হতে পারে।
:

DCSD তাদের সব টাইটল I স্কুলে কার্যকর বাবামা ও পারিবারিক সম্পৃক্ততা চর্চার পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে সহযোগিতা এবং কারিগরি সহায়তা প্রদান করবে। এই চর্চায় স্কুলে বাবামাদের সম্পৃক্ততা পরিকল্পনা, স্কুল-বাবামা সংযোগ এবং টাইটল I এর বাবামাদের সম্পৃকততার আবশ্যকতার শর্তসমূহ অন্তর্ভুক্ত। নিম্নোক্ত প্রক্রিয়ায় এটা করা হবে:

- বাবামাদের সম্পৃক্ততার জন্য কেন্দ্রীয় অফিস সহায়তা - (টাইটল I পরিচালক, সহকারী পরিচালক, OFP কো-অর্ডিনেটর, ডিস্ট্রিক্ট প্যারেন্ট লিয়াজোঁ এবং প্রশাসনিক সহায়তা)।
- পাঁচ (5) ডিস্ট্রিক্ট-ব্যাপী বাবামা কেন্দ্র যা বাবামাদের সম্পৃক্ততাকে সহায়তা প্রদান করবে।
স্কুলের অর্থায়নে স্থানীয় বাবামা কেন্দ্র - স্কুল পর্যায়ের বাবামা লিয়াজোঁ।
- টাইটল 1 কারিগরি সহায়তা সেশন।
- টাইটল I প্রতিপালন ও নির্দেশনা বিষয়ে প্রিন্সিপালদের সামিট (Ed Camp)
- টাইটল I হালনাগাদ শেয়ার করার জন্য টাইটল I প্রিন্সিপালদের সভায় অংশগ্রহণ

বার্ষিক মূল্যায়ন

DeKalb County School District বাবামা এবং পারিবারিক সদস্যদের অর্থপূর্ণ সম্পৃক্ততার মাধ্যমে টাইটল I, পার্ট A স্কুলসমূহের শিক্ষার মান উন্নয়নে বাবামা এবং পারিবারিক সদস্যদের অংশগ্রহণ নীতির বিষয়বস্তু এবং কার্যকারিতা সম্পর্কে বার্ষিক মূল্যায়ন করার জন্য নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করবে। মূল্যায়নে বাবামাদের অধিকতর অংশগ্রহণের ক্ষেত্রে বাঁধা চিহ্নিতকরণ অন্তর্ভুক্ত করা হবে (অর্থনৈতিকভাবে অনগ্রসর, বা প্রতিবন্ধিত্ব, সীমিত ইংরেজি দক্ষতা, সীমিত সাক্ষরতা জ্ঞান সম্পন্ন, বা কোন জাতিগত সংখ্যালঘু পটভূমির বাবামাদের প্রতি বিশেষ মনোযোগ দেয়া হবে)। এছাড়াও মূল্যায়নে বাবামা এবং পরিবারের সদস্যদের তাদের সন্তানদের শিক্ষায় সহায়তা প্রদানের ক্ষেত্রে চাহিদা সনাক্ত করার বিষয়টি অন্তর্ভুক্ত থাকবে। এর মধ্যে রয়েছে স্কুল কর্মী এবং শিক্ষকদের জড়িত হওয়া এবং স্কুল ও পরিবারের সফল মিথস্ক্রিয়ায় সহায়তার কৌশল। স্কুল ডিস্ট্রিক্ট বাবামা ও পারিবারিক সম্পৃক্ততা নীতি সম্পর্কে মূল্যায়নের ফলাফল আরও কার্যকর প্রমাণ-ভিত্তিক বাবামা সম্পৃক্ততা নীতির কৌশল প্রণয়নে এবং প্রয়োজন হলে, তাদের বাবামা ও পারিবারিক সম্পৃক্ততা নীতি সংশোধনে ব্যবহার করবে।

টাইটল I কর্মসূচির DCSD মূল্যায়ন একাধিক কৌশল ব্যবহার করে পরিচালিত হবে, যাতে নিম্নোক্ত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকলেও তা এতেই সীমাবদ্ধ থাকবে না:

- পাঠ্যক্রম, শিক্ষাদান, এবং পেশাগত শিক্ষার কার্যনির্বাহী পরিচালক এবং ফেডারেল/কেন্দ্রীয় কর্মসূচি সংক্রান্ত কার্যালয়ের সহায়তা অনুযায়ী তহবিল ও কর্মসূচি মূল্যায়ন সম্পন্ন করা।
- বাবামায়ের প্রতিক্রিয়া এবং ডিস্ট্রিক্ট-ব্যাপী জরিপ।
- ডিস্ট্রিক্ট এবং স্কুল-পর্যায়ের প্রাক-পরিকল্পনা বৈঠকসমূহে বাবামাদের প্রতিক্রিয়া সংগ্রহ
  ডিস্ট্রিক্ট-ব্যাপী জরিপ থেকে বাবামাদের প্রতিক্রিয়া।

তহবিল সংরক্ষণ

DeKalb County School District টাইটল I, পার্ট A স্কুলগুলোতে যুক্ত শিশুদের বাবামা ও পরিবারের সদস্যদেরকে টাইটল I, পার্ট A তহবিল থেকে বাবামা ও পারিবারিক সম্পৃক্ততার জন্য সংরক্ষিত 1 শতাংশ কীভাবে ব্যয় করা হবে সে সিদ্ধান্ত গ্রহণের সঙ্গে জড়িত করবে এবং এই 1 শতাংশের শতকরা 90 ভাগ বা অধিক যেন সরাসরি টাইটল I স্কুলগুলো পায় তা নিশ্চিত করবে।

DCSD টাইটল I সংরক্ষিত তহবিলের বাজেট একাধিক উপায়ে ব্যবহার করবে, যার মধ্যে রয়েছে:

বেতন

ডিস্ট্রিক্ট প্যারেন্ট ফ্যাসিলিটেটর

সরবরাহ/ সম্পদ

ডিস্ট্রিক্ট-ব্যাপী বাবামা কেন্দ্র

ডিস্ট্রিক্ট-ব্যাপী বাবামা কর্মশালা

টাইটল I প্রতিপালন ও নির্দেশনা বিষয়ে প্রিন্সিপালদের সামিট

যোগাযোগ

শীর্ষ 10 টি ভাষায় টাইটল I সংশ্লিষ্ট বাবামাদের সঙ্গে যোগাযোগ এবং নথি অনুবাদ

ডিসট্রিক্ট এর বাবামাদের বৈঠকের জন্য অনুবাদক (CLIP, বাবামায়ের সম্পৃক্ততা নীতি)

অন্যান্য

ডিস্ট্রিক্ট-ব্যাপী টাইটেল I সংশ্লিষ্ট বাবামাদের সম্মেলন

প্যারেন্ট ফ্যাসিলিটেটরের ভ্রমণ মাইলেজ পরিশোধ

বাবামাদের জড়িত হওয়ার এবং প্রতিক্রিয়া জানানোর সুযোগ দেওয়া হবে যা DCSD শেয়ার করবে (টাইটেল I তহবিল সংরক্ষণের ব্যবহারের জন্য সুপারিশ/পরামর্শ:

- টাইটেল I প্রাক-পরিকল্পনা প্রণয়ন ডিসট্রিক্ট বৈঠক
- টাইটেল I স্কুল-পর্যায়ের কমিউনিটি বৈঠক
- ডিসট্রিক্ট পর্যায়ের বাবামা কর্মশালা/প্রশিক্ষণ

পরিষেবার সমন্বয়

DeKalb County School District সম্ভাব্যতা এবং যথার্থতা অনুযায়ী বাবামা এবং পারিবারিক সম্পৃক্ততার কৌশলের সাথে অন্যান্য প্রাসঙ্গিক ফেডারেল, অঙ্গরাজ্য এবং স্থানীয় আইন ও কর্মসূচির সমন্বয় সাধন এবং একীভূত করবে, যা টাইটেল I তহবিল সংরক্ষণের ব্যবহারের জন্য সুপারিশ/পরামর্শকে তাদের সন্তানদের শিক্ষা ক্ষেত্রে আরও/পুরোপুরি অংশগ্রহণ করতে সহায়তা করবে নিম্নরূপে::

1. কেন্দ্রীয় কর্মসূচির অফিস (OFP) থেকে সহায়তা প্রদান।
2. পাঁচটি আঞ্চলিক কেন্দ্র এবং ছত্রিশটি স্কুল কেন্দ্রের বাবামা কেন্দ্রে বাবামাদের সেবা গ্রহণের সুযোগ প্রদান।
3. কমিউনিটি, বাবামা এবং সংশ্লিষ্টদের চাহিদা পূরণে আঞ্চলিক কেন্দ্রসমূহ সপ্তাহে একদিন সময় সম্প্রসারণ/বর্ধিতকরণ।

বাবামাদের সক্ষমতা বৃদ্ধি

DeKalb County School District টাইটেল I স্কুলসমূহের সহায়তায় বাবামাদের সম্পৃক্ততা জোরদার করতে উপকরণ এবং শিক্ষা বিষয়ে প্রশিক্ষণ ও প্রযুক্তি ব্যবহারের (ক্ষতি সম্পর্কে শিক্ষা এবং কপিরাইট পাইরেসি) মতো বিষয়গুলিতে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাদের সক্ষমতা বৃদ্ধি করবে। এর উদ্দেশ্য বাবামাদেরকে তাদের সন্তানদের শিক্ষাগত/একাডেমিক অর্জনের উন্নতিতে শিশুদের সাথে কাজ করতে সহায়তা প্রদান। নিম্নলিখিত বিষয়গুলি বোঝার জন্য বাবামাদেরকে সহায়তাও প্রদান করা হবে:

- অঙ্গরাজ্যের চ্যালেঞ্জিং শিক্ষা মান
- বিকল্প মূল্যায়নসহ অঙ্গরাজ্য এবং স্থানীয় শিক্ষা/একাডেমিক মূল্যায়ন
- টাইটেল I, পার্ট A এর আবশ্যকতার শর্ত
- কীভাবে তাদের সন্তানের অগ্রগতির দিকে লক্ষ্য রাখতে হয়
- প্রশিক্ষকদের সাথে কীভাবে কাজ করতে হয়

সন্তানদের শিক্ষা/একাডেমিক ক্ষেত্রে সাফল্যের জন্য সহায়তা করতে বাবামাদের সহায়তা করার জন্য কর্মশালা / অনুষ্ঠান, ক্লাস, উপকরণের ব্যবস্থা করা হবে, যাতে নিম্নবর্ণিতগুলো অন্তর্ভুক্ত থাকলেও তা এতে সীমাবদ্ধ নয়:

1. টাইটেল I বাবামাদের সম্পৃক্তকরণ সম্মেলন (ডিস্ট্রিক্ট ও আঞ্চলিক)।
2. শক্তিশালী LEA উন্নয়ন পরিকল্পনা (CLIP) (বার্ষিক)।
3. টাইটেল I বাবামা সম্পৃক্ততা নীতি সংক্রান্ত সভা (বার্ষিক)।
4. বাবামা কর্মশালা (যেমন Georgia Milestone, Infinite Campus ইত্যাদি)।
5. ডিস্ট্রিক্টব্যাপী টাইটেল I বাবামাদের সম্মেলন।

স্কুল কর্মচারীদের সক্ষমতা সৃষ্টি

স্কুলসমূহ এবং বাবামাদের সহায়তা **DeKalb County School District** শিক্ষক, বিশেষ শিক্ষাদান সহায়তা কর্মী, প্রিন্সিপাল, ও অন্যান্য স্কুল নেতৃবৃন্দ, এবং অন্যান্য কর্মীদেরকে নিম্নবর্ণিত উপায়ে বাবামাদের অবদানের গুরুত্ব ও উপযোগ, এবং কীভাবে সমান অংশীদার হিসাবে বাবামাদের সাথে যোগাযোগ ও তাদের সাথে কাজ করতে হয়, বাবামাদের কর্মসূচি বাস্তবায়ন এবং সমন্বয় করতে হয় এবং বাবামা ও স্কুলের মধ্যে সম্পর্ক গড়ে তুলতে হয় সেসম্পর্কে শিক্ষা দেবে:

ডিসট্রিক্ট / অথবা স্কুলগুলি বৈঠক, কর্মশালা, প্রশিক্ষণ, ওয়েবিনার এবং উপকরণের মাধ্যমে সক্ষমতা গড়ে তুলবে যা বাবামাদের সাথে সমান অংশীদার হিসাবে সাথে কাজ করতে ব্যবহার করা হবে। এক্ষেত্রে যা ব্যবহার করা হবে:

1. স্কুল প্রশাসক / প্রিন্সিপাল এবং / অথবা মনোনীত কর্মীদের জন্য মাসিক বৈঠক।
2. টাইটেল I অর্থ সহায়তাপুষ্ট স্টাফদের পেশাগত শিক্ষণ।
3. টাইটেল I প্রতিপালন ও নির্দেশনা বিষয়ে প্রিন্সিপালদের সামিট।

স্কুল এবং বাবামাদের কর্মসূচি, বৈঠক, ও অন্যান্য কর্মকাণ্ড সম্পর্কে কোন কার্যকর এবং বাবামায়েরা বুঝবেন এমন ভাষায় তাদের কাছে তথ্য সরবরাহ করবে ডিসট্রিক্ট ও স্কুলসমূহ।

সম্পৃক্ততার জন্য সক্ষমতা বৃদ্ধি

- ☐ প্রশিক্ষণের কার্যকারিতা বাড়াতে শিক্ষক, প্রিন্সিপাল এবং অন্যান্য প্রশিক্ষকের প্রশিক্ষণের উন্নয়নে বাবামাদের সম্পৃক্ত করা
- ☐ স্কুল ডিস্ট্রিক্ট কর্তৃক প্রশিক্ষণের জন্য অন্যান্য তহবিল সমস্ত যুক্তিসঙ্গতভাবে ব্যবহারের পর টাইটেল I, পার্ট A তহবিল থেকে বাবামাদের প্রয়োজনীয় সাক্ষরতা প্রশিক্ষণ প্রদান
- ☐ বাবামায়ের স্কুল-সম্পর্কিত সভায় এবং প্রশিক্ষণ সেশনে অংশগ্রহণ করার জন্য যাতায়াত ও শিশু পরিচর্যার খরচসহ বাবামায়ের সম্পৃক্ততার সাথে সম্পর্কিত যুক্তিসঙ্গত ও প্রয়োজনীয় খরচ প্রদান
- ☐ অন্যান্য বাবামায়ের সম্পৃক্ততা বৃদ্ধি করতে বাবামাদের প্রশিক্ষণ দান
- ☐ সন্তানদের শিক্ষায় বাবামাদের সম্পৃক্ততা ও অংশগ্রহণ সর্বোচ্চ করা, বিভিন্ন সময়ে শিক্ষক বা শিশুদের সাথে সরাসরি কাজ করে এমন অন্যান্য প্রশিক্ষকদের মধ্যে স্কুল বৈঠক বা যেসব বাবামা সেই বৈঠকে যোগ দিতে অক্ষম তাদের সাথে বাড়িতে/ইন-হোম সম্মেলনের আয়োজন করা
- ☐ বাবামায়ের সম্পৃক্ততার উন্নয়নের জন্য আদর্শ পদ্ধতি গ্রহণ এবং বাস্তবায়ন
- ☐ টাইটেল I, পার্ট A কর্মসূচিগুলোতে বাবামাদের সম্পৃক্ততা সংক্রান্ত সব বিষয়ে পরামর্শ প্রদানের জন্য ডিসট্রিক্ট-ব্যাপী প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিল প্রতিষ্ঠা করা
- ☐ বাবামাদের সম্পৃক্ততা সংক্রান্ত কর্মকাণ্ডে ধর্ম-ভিত্তিক সংগঠনসহ কমিউনিটি-ভিত্তিক সংস্থা ও ব্যবসা প্রতিষ্ঠানের জন্য যথাযথ ভূমিকা গড়ে তোলা

<u>অবলম্বন</u>

এই LEA বাবামায়ের সম্পৃক্ততা নীতি যৌথভাবে সম্পন্ন করা হয়েছে এবং টাইটল I, পার্ট A কর্মসূচিতে অংশগ্রহণকারী শিশুদের বাবামায়েরা এতে সম্মতি দিয়েছেন, যা টাইটল I এর সঙ্গে সংশ্লিষ্টদের বৈঠক, সমন্বিত চাহিদা মূল্যায়ন বৈঠক এবং স্কুলের ওয়েবসাইট ও বিভিন্ন মাধ্যমে বাবামাদের সঙ্গে যোগাযোগের মাধ্যমে সংশ্লিষ্টদের প্রতিক্রিয়া হিসাবে প্রমাণিত।

এই নীতি / পরিকল্পনা প্রাথমিকভাবে বাবামা এবং সংশ্লিষ্টদের প্রতিক্রিয়ার জন্য জুলাই 13, 2017 তারিখে বিতরণ করা হয়। বাবামাদের প্রতিক্রিয়ার তথ্যসহ 31 শে জুলাই, 2017 তারিখে তা সংশোধন করে আগস্ট 7, 2017 তারিখে পুনরায় বিতরণ করা হয়, এবং GaDOE CLIP এর সুপারিশের আলোকে হালনাগাদ করে DeKalb County School District কর্তৃক 09/20/17 তারিখে গৃহীত হয়। এই নীতি / পরিকল্পনা আগস্ট 2017- আগস্ট 2018 সময়ের জন্য কার্যকর হবে। স্কুল ডিসট্রিক্ট টাইটল I, পার্ট A-তে অংশগ্রহণকারী সব শিশুর বাবামায়ের কাছে অক্টোবর 30, 2017 তারিখ বা তার আগে এই নীতি বিতরণ করবে।